# Times Today BD

বাংলাদেশ | 28 March, 2025

রাষ্ট্রীয় মালিকানাধীন সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক আজ শুক্রবার খোলা থাকবে।বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন তোলার সুবিধার জন্য এসব ব্যাংক খোলা থাকছে।

আজ সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত সব শাখা খোলা থাকবে।তবে অফিস চলবে ৩টা পর্যন্ত।গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংক থেকে এ সংক্রান্ত একটি নির্দেশনা ব্যাংকগুলোতে পাঠানো হয়েছে।

জানা গেছে, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের ব্যাংক হিসাবে ইএফটিএন পদ্ধতিতে বেতন-ভাতা চালু করতে গিয়ে বিভিন্ন জটিলতা তৈরি হয়েছে।বিভিন্ন ডিজিট ভুলের কারণে গত ডিসেম্বর থেকে অনেকের বেতন-ভাতা আটকে ছিল।জটিলতা নিরসন করে আজ বৃহস্পতিবার অনেকেই বেতন পেয়েছেন।ঈদের আগে আজ ছিল শেষ লেনদেন।এদিন শেষ মুহূর্তে অনেকের অ্যাকাউন্টে বেতন না যাওয়ায় অনেকে টাকা তুলতে পারেননি।

এদিকে শুক্রবার থেকে টানা ৯ দিন ছুটি থাকবে।যে কারণে শিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধে বাংলাদেশ ব্যাংক এ নির্দেশনা দিয়েছে।

সার্কুলারে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধে ২৮ মার্চ শুক্রবার ছুটির দিন সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সংশ্লিষ্ট শাখা খোলা রাখতে হবে।এদিন সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত লেনদেন হবে।আর খোলা থাকবে ৩টা পর্যন্ত।

এর মধ্যে দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত জুমাতুল বিদার বিরতি থাকবে।ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের বিধি অনুযায়ী ভাতা দিতে বলা হয়েছে।

সোনালী জনতা,শিক্ষা মন্ত্রণালয়,এমপিওভুক্ত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:08

URL: https://timestodaybd.com/public/bangladesh/800975135